

কী করিলি মোহের ছলনে ।

গৃহ তেয়াগিয়া প্রবাসে ভ্রমিলি, পথ হারাইলি গহনে ॥

ওই সময় চলে গেল, আঁধার হয়ে এল, মেঘ ছাইল গগনে ।

শ্রান্ত দেহ আর চলিতে চাহে না, বিঁধিছে কণ্টক চরণে ॥

গৃহে ফিরে যেতে প্রাণ কাঁদিছে, এখন ফিরিব কেমনে ।

'পথ বলে দাও' 'পথ বলে দাও' কে জানে কারে ডাকি সঘনে ॥

বন্ধু যাহারা ছিল সকলে চলে গেল, কে আর রহিল এ বনে ।

ওরে, জগতসখা আছে যা রে তাঁর কাছে, বেলা যে যায় মিছে রোদনে ॥

দাঁড়িয়ে গৃহদ্বারে জননী ডাকিছে, আয় রে ধরি তাঁর চরণে ।

পথের ধূলি লেগে অন্ধ আঁখি মোর, মায়েরে দেখেও দেখিলি নে ।

কোথা গো কোথা তুমি জননী, কোথা তুমি,

ডাকিছ কোথা হতে এ জনে ।

হাতে ধরিয়ে সাথে লয়ে চলো তোমার অমৃতভবনে ॥

Parjaay: Puja O Prarthana, Taal: Tritaal, Style: Bhajan

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail